



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার নং-০১

তারিখঃ ১০ মে, ২০১৬
২৭ বৈশাখ, ১৪২৩

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ম্যানেজমেন্ট রিপোর্ট বাংলাদেশ ব্যাংকে দাখিল প্রসঙ্গে।

বহিঃনিরীক্ষক কর্তৃক প্রণীত ম্যানেজমেন্ট রিপোর্ট দাখিল সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের [ডিওএস সার্কুলার নং-০৪/২০১৩](#) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারে হিসাব বর্ষ শেষ হওয়ার ৭৫(পঁচাত্তর) দিনের মধ্যে বহিঃনিরীক্ষক কর্তৃক প্রণীত ম্যানেজমেন্ট রিপোর্ট বাংলাদেশ ব্যাংকে দাখিলের নির্দেশনা রয়েছে। সার্বিক বিবেচনায় এক্ষণে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ডিসেম্বর ২০১৫ এ সমাপ্ত হিসাব বর্ষ হতে নিরীক্ষিত আর্থিক বিবরণী বাংলাদেশ ব্যাংকে দাখিলের তারিখ হতে পরবর্তী ২০(বিশ) দিনের মধ্যে বহিঃনিরীক্ষক কর্তৃক প্রণীত ম্যানেজমেন্ট রিপোর্ট ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশনে আবশ্যিকভাবে দাখিল করতে হবে।

বর্ণিত বিষয়ে ইতোপূর্বে জারিকৃত ডিওএস সার্কুলার নং-০৪/২০১৩ বাতিল বলে গণ্য হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(এস,এম, রবিউল হাসান)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯৩